# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
**Bangladesh Water Development Board**

প্রধান প্রকৌশলীর দপ্তর
ডিজাইন
পানি ভবন, লেভেল-৩, ব্লক-'বি'
গ্রীন রোড, বাপাউবো, ঢাকা-১২০৫।
টেলিফোন : +৮৮ ০২ ২২২২৩০৩০০

Office of The Chief Engineer
Design
Pani Bhaban, Level-3, Block-'B'
Green Road, BWDB, Dhaka-1205.
Telephone: +88 02 222230300
E-mail: ce.design.wdb@gmail.com


স্মারক নং-৪২১-প্রঃপ্রঃডি/সা-৫০০ | তারিখঃ ০৭/০৭/২০২২ খ্রিঃ

## "সার্কুলার"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বিভিন্ন প্রকল্পের আওতায় ড্রেজিং কাজ বাস্তবায়নাধীন রয়েছে। এছাড়াও ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুন:খনন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় নদী, খাল ও জলাশয় খনন কাজ চলমান আছে। বর্ণিত ড্রেজড আর্থ দ্বারা নদীর নিকটবর্তী নিচু এলাকায় ভূমি উন্নয়ন ছাড়াও নিকটবর্তী চর উন্নয়ন কাজ চলমান রয়েছে। ড্রেজড আর্থ এবং নদী, খাল ও জলাশয় পুন:খননকৃত মাটি দ্বারা উন্নয়নকৃত স্থান/বাঁধ/রাস্তা এর টেকসই অবস্থা (Sustainability) নিশ্চিত করার জন্য নিম্ন বর্ণিত পদক্ষেপ গ্রহণ করতে হবেঃ

১। নদী ড্রেজিং পরবর্তী ড্রেজড আর্থ দ্বারা পার্শ্ববর্তী/নিকটবর্তী উন্নয়নকৃত ভূমির চারিদিকের স্লোপে বালি ভর্তি জিও ব্যাগ এর আবরণ দিতে হবে। বালি ভর্তি জিও ব্যাগ এর উপরে অবস্থা ভেদে ০.৩ মিটার হতে ১.০০ মিটার পুরুত্বের এঁটেল মাটির আবরণ (Clay Blanket) দিতে হবে এবং এঁটেল মাটির আবরণ এর উপর ঘাসের ক্লোজ টার্ফিং করতে হবে। ড্রেজড আর্থ দ্বারা পার্শ্ববর্তী/নিকটবর্তী উন্নয়নকৃত চরের ক্ষেত্রেও একই পদ্ধতি প্রযোজ্য হবে। ড্রেজড আর্থ ফিলিং এর উচ্চতা কম হলে, প্রযোজ্য ক্ষেত্রে বালি ভর্তি জিও ব্যাগ ব্যবহার না করে শুধুমাত্র Clay Blanket ও ঘাসের ক্লোজ টার্ফিং করা যেতে পারে।

২। ছোট নদী, খাল ও জলাশয় খননকৃত মাটি দ্বারা উন্নয়নকৃত ভূমি/প্লাটফর্ম এর চারিদিকের স্লোপ, উন্নয়নকৃত বাঁধ/রাস্তা এর ২ (দুই) দিকের স্লোপে, খাল বা নদী বরাবর খননকৃত মাটি দ্বারা উন্নয়নকৃত উঁচু জায়গার চারিদিকের স্লোপে ঘাসের ক্লোজ টার্ফিং করতে হবে।

৩। ড্রেজড আর্থ/খননকৃত মাটি দ্বারা উন্নয়নকৃত ভূমি/প্লাটফর্ম এবং খাল বা নদী বরাবর উন্নয়নকৃত উঁচু জায়গায় পরিকল্পিতভাবে বৃক্ষ রোপণ করতে হবে।

৪। ড্রেজড আর্থ / খননকৃত মাটি দ্বারা উন্নয়নকৃত ভূমি / প্লাটফর্ম এবং খাল বা নদী বরাবর উন্নয়নকৃত উঁচু জায়গার চারিদিকের স্লোপে উপযোগিতা অনুযায়ী প্রচলিত ঘাসের টার্ফিং এর বাইরে নেপিয়ার, ভেটিভার, হোগলা, ছন বা অন্যান্য ঘাস লাগানো যেতে পারে।

৫। প্রতিটি চলমান প্রকল্প এবং নতুন প্রকল্পের আওতায় উপরোক্ত ব্যবস্থাপনার বিষয় অন্তর্ভূক্ত করতে হবে।

মহাপরিচালক মহোদয় এর অনুমোদনক্রমে এ সার্কুলার জারী করা হলো।

০৭.০৭.২০২২

(মোঃ এনায়েত উল্লাহ)
প্রধান প্রকৌশলী (পুর), ডিজাইন
বাপাউবো, ঢাকা।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

স্মারক নং-৪২১-প্রঃপ্রঃডি/সা-৫০০

তারিখঃ ০৭/০৭/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী,............................বাপাউবো,.............................. ।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক, ................................বাপাউবো,.............................. ।
৩। সি এস ও টু, মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (সার্কুলার টি বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫। পিএস টু সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। নির্বাহী প্রকৌশলী, ....................................................বাপাউবো,................................... ।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৮। অফিস কপি।

০৭.০৭.২০২২

(মোঃ এনায়েত উল্লাহ)
প্রধান প্রকৌশলী (পুর), ডিজাইন
বাপাউবো, ঢাকা।